14 OCT 2016

সংবাদ

# স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রের সামনে থেকে কাঁচাবাজার, ময়লার স্তূপ ও ডাস্টবিন অপসারণ করুন

পুরান ঢাকার বংশালের ইউসেপ মাজেদ সরদার স্কুল ও নগর স্বাস্থ্যকেন্দ্রের সামনের সড়ক দখল করে গড়ে উঠেছে অবৈধ কাঁচাবাজার। স্কুলের দেয়ালঘেঁষা ডাস্টবিনে ফেলা হচ্ছে বাজারের শতাধিক দোকানের বর্জ্য। বাজারে আসা লোকজনের হইচই এবং পচা আবর্জনার দুর্গন্ধে স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রের পরিবেশ নষ্ট হচ্ছে। এ নিয়ে গত রোববার একটি জাতীয় দৈনিক সচিত্র প্রতিবেদন প্রকাশ করেছে।

স্কুলের শিক্ষার্থী ও স্থানীয় বাসিন্দারা বলেন, প্রধান ফটকের সামনে কাঁচাবাজার থাকার কারণে স্কুলে আসা-যাওয়ায় প্রতিনিয়ত বাধার সম্মুখীন হচ্ছেন শিক্ষক-শিক্ষার্থীরা। সড়কে সকাল থেকে বিকাল পর্যন্ত রিকশার জট লেগে থাকে। স্বাস্থ্যকেন্দ্র ও স্কুলের দেয়ালঘেঁষা ডাস্টবিনে বাজারের বর্জ্য ফেলছেন দোকানিরা। স্কুলের শ্রেণীকক্ষ ও স্বাস্থ্যকেন্দ্রে দুর্গন্ধ ছড়াচ্ছে। স্থানীয় কয়েকজন বাসিন্দা বলেন, স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রের সামনে এই অবৈধ বাজারের প্রতিটি দোকান থেকে দিনে ১০০ টাকা করে চাঁদা আদায় করছে 'আশার আলো সমাজকল্যাণ সংগঠন' নামের একটি ক্লাব। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ৩৩নং ওয়ার্ডের কাউন্সিলর আউয়াল হোসেন এই ক্লাবের সভাপতি।

বংশালের মতো রাজধানীর বিভিন্ন এলাকায় অবস্থিত স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রের সামনে অবৈধ কাঁচাবাজার এবং ময়লার ডাস্টবিন ও ময়লার স্তূপ রয়েছে। স্কুল এবং স্বাস্থ্যকেন্দ্রের সামনে এগুলো থাকার ফলে স্বাস্থ্য সমস্যাসহ নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। বছরের পর বছর ধরে এভাবে চলতে থাকলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এগুলো সরানোর কোন উদ্যোগ তো নিচ্ছেই না উল্টো অবৈধ কাঁচাবাজার থেকে তারা চাঁদা আদায় করছে। যার ফলে এগুলো আর অপসারিত হচ্ছে না। কিন্তু এগুলো যে সমস্যার সৃষ্টি করছে তা নিয়ে কর্তৃপক্ষের কোন মাথাব্যথাই নেই। এগুলো স্কুলের শিক্ষার্থী এবং স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা নিতে আসা রোগীদের স্বাস্থ্যের ক্ষতি করছে একদিকে, অন্যদিকে পরিবেশেরও ক্ষতি হচ্ছে। শিক্ষার্থী এবং রোগীদের স্বাস্থ্য ঝুঁকির মধ্যে ফেলে নিজেদের স্বার্থ উদ্ধার করছে সিটি করপোরেশনের অসাধু কর্তারা।

এ নিয়ে অনেক লেখালেখি হলেও কোন লাভ হয়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের টনক নড়েনি। প্রশ্ন হচ্ছে, স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রের সামনে অবৈধ কাঁচাবাজার, ময়লার স্তূপ এবং ময়লার ডাস্টবিন কি এভাবে থেকেই যাবে?

বংশালের ইউসেপ মাজেদ সরদার স্কুল ও নগর স্বাস্থ্যকেন্দ্রের সামনের অবৈধ কাঁচাবাজারটি অতিদ্রুত অপসারণ করতে হবে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনকে। সেই সঙ্গে গোটা রাজধানীতে যতগুলো স্কুল ও স্বাস্থকেন্দ্রের সামনে অবৈধ কাঁচাবাজার, ময়লার স্তূপ ও ময়লার ডাস্টবিন রয়েছে সেগুলোও দ্রুত অপসারণ করতে হবে করপোরেশনকে। এসবের সাথে জড়িত এবং চাঁদা আদায়কারী সিটি করপোরেশনের কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।